

কমিউনিটি ডেভেলপমেন্ট এন্ড হেলথ কেয়ার সেন্টার (সিডিএইচসি)

গলাচিপা, পটুয়াখালী

সিনিয়র ম্যানেজমেন্ট টীমের বিশেষ সভার কার্যবিবরণী

ভেন্যু: প্রধান কার্যালয়

তারিখ: ০৩/১১/২০২২ইং

০৩ নভেম্বর, ২০২২ইং রোজ বৃহস্পতিবার বিকাল ০৩ ঘটিকায় প্রধান কার্যালয়ে নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে সিনিয়র ম্যানেজমেন্ট টীমের এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপ নির্বাহী পরিচালক, পরিচালক-প্রোগ্রাম, প্রধান হিসাব রক্ষক, এরিয়া ম্যানেজার ও সিনিয়র ম্যানেজার-এইচআর অংশগ্রহণ করেন। সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তবলী গৃহীত হয়ঃ

১. ভিজিডি ও মানুষের জন্য ফাউন্ডেশনের প্রকল্পের জন্য আগামী ২০ নভেম্বর, ২০২২ইং এর মধ্যে সিডিএইচসি'র পক্ষ থেকে প্রজেক্ট প্রোজাল জমা দেওয়া হবে। এ বিষয়ে সিনিয়র ম্যানেজার-এইচআর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
২. নির্বাহী পরিচালকের নিজস্ব কিছু জমি (খতিয়ান নং ৩৭৯ ও ৬০৮) মিউটেশন করা হবে। এ বিষয়ে পরিচালক-প্রোগ্রাম ও সিনিয়র ম্যানেজার-এইচআর আগামী ৯ নভেম্বর, ২০২২ইং এর মধ্যে ভূমি অফিসের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন।
৩. মাসিক সমন্বয় সভা আগামী ৯ নভেম্বর ২০২২ইং প্রধান কার্যালয়ে সকাল ৯.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। এরিয়া ম্যানেজার এ বিষয়ে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবেন।
৪. নভেম্বর মাসের টীম ওয়ার্ক আগামী ২৬/১১/২০২২ইং করা হবে। টীম ওয়ার্কে অনিকুজ্জামান রনি, নিঠুর দাস ও শহিদুল ইসলামকে অন্তর্ভুক্ত করা হবে। এ বিষয়ে সিনিয়র ম্যানেজার-এইচআর যথাসময়ে সার্কুলার জারি করবেন।
৫. টীম ওয়ার্কে প্রধান হিসাব রক্ষকের যাতায়াতের জন্য মোটর সাইকেল সাপোর্ট দেওয়ার বিষয়ে নির্বাহী পরিচালক পরবর্তীতে সিদ্ধান্ত জানাবেন।
৬. আগামী ডিসেম্বর, ২০২২ইং এর মধ্যে সংস্থার প্রধান কার্যালয়সহ সকল শাখা অফিসের জন্য নতুন আঙ্গিকে সাইনবোর্ড তৈরি করা হবে। এ বিষয়ে সিনিয়র ম্যানেজার-এইচআর ও এরিয়া ম্যানেজার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
৭. মাঠ পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে। চলতি বাকেরা যাতে না পড়ে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। প্রতিদিন বিকাল বেলা ফিল্ড অফিসারদের সাথে শাখা ব্যবস্থাপক বকেয়া আদায় করার জন্য ফিল্ডে যাবেন। এরিয়া ম্যানেজার এ বিষয়ে মনিটরিং করবেন এবং নির্বাহী পরিচালককে তথ্য দিবেন।
৮. উপ নির্বাহী পরিচালক ও এরিয়া ম্যানেজার ফিল্ড ভিজিটে গেলে ঐদিন রাতে শাখায় অবস্থান করে কর্মীদের কাজের অগ্রগতি যাচাই করবেন। তারা ফিল্ড ভিজিটের রিপোর্ট নির্বাহী পরিচালকের কাছে জমা দিবেন।
৯. সংস্থার বাৎসরিক আয়কর রিটার্ন ৩০ নভেম্বরের মধ্যে জমা দিতে হবে। উপ নির্বাহী পরিচালক, পরিচালক-প্রোগ্রাম ও প্রধান হিসাব রক্ষক এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।

সভাপতি মহোদয় উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সকলকে তাগিদ দেন এবং এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। বিশেষ আর কোন আলোচনা না থাকায় তিনি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

প্রস্তুতকারী

মো: রমিজ উদ্দিন